

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি(নায়েম)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা ১২০৫  
www.naem.gov.bd

নম্বর : ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০১০.১৫/৯৭৪(৩০)

তারিখ: ১১.০১.১৪২৪ বঙ্গাব্দ  
২৪.০৪.২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : কলেজ পর্যায়ের প্রতিষ্ঠান প্রধানগণের জন্য আয়োজিত ১২৫তম 'শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা' বিষয়ক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ

আগামী ৩০/০৫/২০১৭ থেকে ১৯/০৬/২০১৭ খ্রি. (১৬ জ্যৈষ্ঠ ১৪২৪ থেকে ০৫ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ) তারিখ পর্যন্ত কলেজ পর্যায়ের প্রতিষ্ঠান প্রধানগণের জন্য ১২৫তম শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্সে নায়েমে অনুষ্ঠিত হবে। এ কোর্সে একজন প্রশিক্ষণার্থী হিসেবে তাঁকে মনোনীত করা হয়েছে। কোর্সে যোগদানের লক্ষ্যে ৩০/০৫/১৭ খ্রি. তারিখ মঙ্গলবার সকাল ০৯.০০টায় নায়েম এর ওয়ানস্টপ সার্ভিস পয়েন্টে মনোনীত প্রশিক্ষণার্থীর উপস্থিতি নিশ্চিত করতে অনুরোধ করা হলো। এতৎসঙ্গে নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করা হলো:

১. নায়েম হোস্টেলে আসন শূন্য থাকা সাপেক্ষে হোস্টেলে আবাসনের ব্যবস্থা করা হবে। হোস্টেলে আবাসন গ্রহণের ক্ষেত্রে কোর্সে শুরুর পূর্বদিন বিকালে নির্ধারিত হোস্টেলের আসন গ্রহণ করা বাঞ্ছনীয়।
২. সরকারি নিয়ম অনুযায়ী প্রশিক্ষণার্থীকে ভ্রমণ ও দৈনিক ভাতা নায়েম থেকে প্রদান করা হবে। তবে, প্রাথমিক ব্যয় (খাণ্ডা, খাওয়া ও শিক্ষা সফরের খরচ) সংকুলানের জন্য আনুমানিক জনপ্রতি ১০,০০০/- (দশ হাজার টাকা) আনতে হবে। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীকে এ অফিসে ভ্রমণ ও দৈনিক ভাতার বিল পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর চেকের মাধ্যমে তা নিজ নিজ প্রতিষ্ঠানের ঠিকানায় প্রেরণ করা হবে।
৩. বেসরকারি প্রতিষ্ঠানের প্রধানগণকে তাঁদের প্রতিষ্ঠানের গভর্নিং বডি'র সভাপতির নিকট থেকে বর্তমান মূল বেতন উল্লেখপূর্বক সর্বশেষ এমপিও-এর কপি, ছাড়পত্র, EINN এবং পাসপোর্ট সাইজের দুই কপি ছবি সঙ্গে আনতে হবে।
৪. সরকারি কলেজের অধ্যক্ষ যাদের বয়স ৫৭ বছর অতিক্রম করেছে এবং বেসরকারি কলেজ/ মাদরাসার অধ্যক্ষ যাদের বয়স ৫৮ বছর অতিক্রম করেছে, তাঁদের এ প্রশিক্ষণে অংশগ্রহণ করার প্রয়োজন নেই।
৫. বিগত ০৩ (তিন) বছরের মধ্যে যিনি এ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছেন তাঁর এ কোর্সে অংশগ্রহণ করার প্রয়োজন নেই।
৬. যিনি নায়েমে গত ০১ (এক) বছরের মধ্যে অন্য কোন কোর্সে সম্পন্ন করেছেন তাঁরও এ কোর্সে অংশগ্রহণ করার প্রয়োজন নেই।
৭. কোন কারণে অধ্যক্ষ কোর্সে অংশগ্রহণে অপারগ হলে বা এ-প্রশিক্ষণ পূর্বে গ্রহণ করে থাকলে তাঁর পরিবর্তে উপাধ্যক্ষকে প্রেরণ করা যেতে পারে (যদি তিনি পূর্বে এ প্রশিক্ষণ সম্পন্ন না করে থাকেন)।
৮. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নম্বর মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তারিখ ১০-০১-১৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত (Stand Release) বলে গণ্য হবেন। সুতরাং, গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
৯. প্রশিক্ষণ সম্পর্কিত কোন বিষয়ে জানার প্রয়োজন হলে কোর্স পরিচালক ড. মোঃ খাদেমুল ইসলাম (০১৭১২৬৪৫৮৬৩) এবং কোর্স সমন্বয়ক ড. কল্যাণী নন্দী (০১৭১৪৩৫৩৭৩০), সহকারী পরিচালক, (গবেষণা ও তথ্যায়ন)-এর সঙ্গে যোগাযোগ করা যেতে পারে। মনোনীত অধ্যক্ষগণকে উল্লিখিত সেল নম্বর-এ এসএমএস অথবা ই-মেইল (subratakallyani@gmail.com) করে উপস্থিতি নিশ্চিত করতে অনুরোধ করা হলো।
১০. আমন্ত্রণপত্র ও প্রশিক্ষণার্থীর তালিকা নায়েম ওয়েবসাইটে (www.naem.gov.bd)-এ পাওয়া যাবে।

(প্রফেসর ড. আ.ফ.ম. শফিকুর রহমান)  
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), নায়েম  
e-mail: info@naem.gov.bd

প্রাপক : -----

নম্বর : ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০১০.১৫/৯৭৪ (৩০) (৩৪)

তারিখ: ১১.০১.১৪২৪ বঙ্গাব্দ  
২৪.০৪.২০১৭ খ্রিস্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা (আমন্ত্রণপত্র ও তালিকাসহ);
৩. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/গবেষণা ও তথ্যায়ন/প্রশাসন ও অর্থ, নায়েম;
৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
৫. সকল হোস্টেল সুপারিনটেনডেন্ট, নায়েম, ঢাকা;
৬. কম্পিউটার প্রোগ্রামার, নায়েম, ঢাকা (প্রশিক্ষণার্থীর তালিকা ও আমন্ত্রণপত্র নায়েম ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করার অনুরোধসহ);
৭. অফিস নথি।

(ড. মোঃ খাদেমুল ইসলাম)  
প্রশিক্ষণ বিশেষজ্ঞ

ও  
কোর্স পরিচালক

১২৫তম শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সে  
(অধ্যক্ষ)